

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং-১০/২০২০

তারিখ- ০৫/০৫/২০২০ ইং।

-ঃ বিজ্ঞপ্তি ঃ-

বিষয়ঃ- করোনভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ ও বিস্তার প্রতিরোধে সরকার কর্তৃক গৃহীত সতর্কতামূলক পদক্ষেপ এর পরিপ্রেক্ষিতে আমদানী-রপ্তানীকারকগণকে প্রণোদনা প্রদানের উদ্দেশ্যে চট্টগ্রাম বন্দরে অবতরণকৃত কন্টেইনারসমূহ ১৬/০৫/২০২০ইং তারিখের মধ্যে ডেলিভারী গ্রহণ করা হলে উক্ত কন্টেইনার সমূহের স্টোরেন্ট শতভাগ (১০০%) মওকুফ প্রসঙ্গে।

- সূত্রঃ- ১। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৫,
তারিখঃ ০৪/০৫/২০২০ইং।
২। পরিচালক(ট্রাফিক), চবক দপ্তরের বিজ্ঞপ্তি নং- ০৬/২০২০, তারিখঃ ২৭/০৪/২০২০ইং।
৩। নৌ-পরিবহন মন্ত্রণালয়ের পত্র নং-১৮.০০.০০০০.০২১.১৮.০৯৩.২০.৬,
তারিখ-১৭/০৪/২০২০ইং।

বর্ণিত বিষয়ে সূত্রোক্ত বিজ্ঞপ্তি সমূহের অনুবৃত্তিক্রমে শতভাগ স্টোরেন্ট মওকুফের মেয়াদ ১৬/০৫/২০২০ইং তারিখ পর্যন্ত বৃদ্ধি করা গেল।

২। চট্টগ্রাম বন্দরে অবতরণকৃত যে সকল কন্টেইনারের ০৪(চার)-দিন ফ্রি টাইম সরকার ঘোষিত সাধারণ ছুটি অর্থাৎ ২৬/০৩/২০২০ইং তারিখ বা তারপর শেষ হয়েছে উক্ত কন্টেইনার সমূহ আগামী ১৬/০৫/২০২০ইং তারিখের মধ্যে খালাস গ্রহণ করা হলে প্রযোজ্য স্টোরেন্ট শতভাগ (১০০%) মওকুফযোগ্য হবে।

৩। চট্টগ্রাম বন্দরের চলমান কন্টেইনার জট নিরসনের লক্ষ্যে আগামী ১৬/০৫/২০২০ইং তারিখের মধ্যে কন্টেইনার সমূহ খালাস করা না হলে The Regulation For Working Chittagong Port(Cargo & Container),2001 এর 160 ধারা অনুযায়ী দন্ডভাড়া আদায়ে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বাধ্য হবে।

৪। সংশ্লিষ্ট সকলকে উক্ত সময়ের মধ্যে কন্টেইনার ডেলিভারি নিতে অনুরোধ করা গেল। চট্টগ্রাম বন্দরের স্বাভাবিক অপারেশনাল কার্যক্রম পরিচালনায় আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।

৫। ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হল।

পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং-ডিটি/ডব্লিউআর/করোনা ভাইরাস/মওকুফ/১১/২০২০

তারিখ- ০৫/০৫/০৪/২০২০ ইং।

অনুলিপি ঃ- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া হলো।
- ২। কমডোর কমান্ডিং, বাংলাদেশ নৌবাহিনী, চট্টগ্রাম।
- ৩। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব - নৌপরিবহন প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম।
- ৬। সকল সদস্য, চবক।
- ৭। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ৮। সকল বিভাগীয় প্রধান/চবক।
- ৯। পরিচালক (নিরাপত্তা), চবক।
- ১০। পরিচালক (বি ও যা), চবক।
- ১১। টার্মিনাল ম্যানেজার, চবক।
- ১২। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ), চবক।
- ১৩। সকল সহকারী ট্রাফিক ম্যানেজার, চবক।
- ১৪। সিস্টেমস্ এনালিস্ট, চবক - চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইটে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।
- ১৫। সহকারী ট্রাফিক/টার্মিনাল অফিসার, চবক।

ক্রমশঃ পৃষ্ঠা-২